

স্নাতকোত্তর ডিগ্রি প্রোগ্রাম (**Post-Graduate Degree Programme**)

শিক্ষাবর্ষান্ত পরীক্ষা (**Term End Examination**) ডিসেম্বর, ২০২৪

বাংলা (**Bengali**)

সপ্তম পত্র – ক (**7A Paper**)

RABINDRA SAHITYA

সময় : চার ঘণ্টা

Time : 4 hours

পূর্ণমান : ১০০

Full Marks : 100

(মানের গুরুত্ব : ৮০%)

(Weightage of Marks : 80%)

পরিমিত ও যথাযথ উত্তরের জন্য বিশেষ মূল্য দেওয়া হবে। অশুদ্ধ বানান, অপরিচ্ছন্নতা এবং অপরিষ্কার হস্তাক্ষরের ক্ষেত্রে নম্বর কেটে নেওয়া হবে। উপান্তে প্রশ্নের মূল্যমান সূচিত আছে।

Special credit will be given for precise and correct answer. Marks will be deducted for spelling mistakes, untidiness and illegible handwriting. The figures in the margin indicate full marks.

- ১। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দিন (অনধিক ৪৫০ শব্দে) : ১৮ × ২ = ৩৬
- ক) ‘... মৃত্যু যখন মনের চারি দিকে হঠাৎ একটা ‘নাই’-অন্ধকারের বেড়া গাড়িয়া দিল, তখন সমস্ত মনপ্রাণ অহোরাত্র দুঃসাধ্য চেষ্টায় তাহারই ভিতর দিয়া কেবলই ‘আছে’-আলোকের মধ্যে বাহির হইতে চাহিল।’ — ‘নাই’-অন্ধকার থেকে ‘আছে’-আলোকে রবীন্দ্রনাথ কীভাবে নিজেকে উত্তীর্ণ করেছিলেন, তা জীবনস্মৃতি অবলম্বনে আলোচনা করুন।
- খ) “সোনার তরী” কাব্যগ্রন্থের মূল দর্শন অনুধাবনে প্রথম ও অন্তিম কবিতাপাঠ অনিবার্য।’ — সমালোচকের এই মন্তব্যের সমর্থনে উক্ত দুটি কবিতার পারস্পরিক সম্পর্কসূত্র পরিস্ফুট করুন।
- গ) ‘নিজের সঙ্গে বিশ্বপ্রকৃতির এক অবিচ্ছিন্ন যোগ, এক চিরপুরাতন একাত্মকতা আমাকে একান্তভাবে আকর্ষণ করিয়াছে।’ — ‘ছিন্নপত্রাবলী’র পাঠ্য পত্রগুলির মধ্যে কোন্ পত্রগুলিতে রবীন্দ্রনাথের এই সর্বানুভূতি ব্যক্ত হয়েছে ? এই সর্বানুভূতি চেতনার আলোকে কীভাবে ‘বসুন্ধরা’ ও ‘সমুদ্রের প্রতি’ কবিতাদুটির রসাস্বাদন সম্ভব, আলোচনা করুন। ২ + ৮ + ৮

ঘ) ‘আমাদের প্রকৃতির মধ্যে একটি বন্ধন-অসিহ্মুঃ স্বেচ্ছাবিহারপ্রিয় পুরুষ এবং একটি গৃহবাসিনী অপরূদ্ধ রমণী দৃঢ় অবিচ্ছেদ্য বন্ধনে আবদ্ধ হইয়া আছে। ... একজন বাহিরের দিকে লইয়া যায়, আর একজন গৃহের দিকে টানে। একজন বনের পাখি, আর একজন খাঁচার পাখি।’ — রবীন্দ্রনাথের এই উক্তির পরিপ্রেক্ষিতে কীভাবে ‘দুই পাখি’ কবিতা পড়বেন, বুঝিয়ে দিন।

২। যে কোনো তিনটি প্রশ্নের উত্তর দিন (অনধিক ৩০০ শব্দে) : ১২ × ৩ = ৩৬

ক) ‘সন্ধ্যাবেলায় দিনের কাজ শেষ করে বারান্দায় এসে বোধ হল — খাঁচা থেকে বেরিয়ে এসেছে পাখি, কিন্তু পায়ে আছে এক টুকরো শিকল। নড়তে-চড়তে সেটা বাজে।’ — ‘ইম্পার্সোনাল ভালোবাসা’কে স্বীকার করেই নবীনমাধব কীভাবে ‘ইম্পার্সোনাল জ্ঞান’-এর রাজ্যে প্রত্যাবর্তন করলেন, ‘শেষ কথা’ অবলম্বনে আলোচনা করুন।

খ) ‘আমি আজ মুক্ত, পরেশবাবু।’ — কে কোন ‘বন্ধন’ থেকে কীভাবে ‘মুক্তি’ পেয়েছিল?

১ + ৪ + ৭

গ) ‘রক্তকরবী’ নাটকে গানগুলির অন্তর্ভুক্তি কতখানি যুক্তিসংগত হয়েছে, একজন সাহিত্যের ছাত্র হিসেবে তা বিচার করুন।

ঘ) ‘জীবনস্মৃতি’র ‘গান সম্বন্ধে প্রবন্ধ’য় রবীন্দ্রনাথ লিখছেন, ‘... আমাদের এই জগতের মধ্যে একটি কোন্ বিদেশিনী আনাগোনা করে, কোন্ রহস্যসিঙ্ঘুর পরপারে ঘাটের উপরে তাহার বাড়ি, তাহাকেই শারদপ্রাতে মাধবীরাত্রিতে ক্ষণে ক্ষণে দেখিতে পাই, হৃদয়ের মাঝখানেও মাঝে মাঝে তাহার আভাস পাওয়া গেছে, আকাশে কান পাতিয়া তাহার কণ্ঠস্বর কখনো বা শুনিয়াছি।’ — ‘বিদেশিনী’ শব্দের অভিধা এই পঙ্ক্তির অর্থ উদ্ধারের চাবিকাঠি নয়।’ — সমালোচকের এই মন্তব্যের পক্ষে বা বিপক্ষে আপনার যুক্তি সজ্জিত করুন।

ঙ) ‘আজ তাহার মনের ভিতরে একটি বিদ্রোহ দেখা দিল। তাহার মনে হইতে লাগিল, ভারতবর্ষ যেন কেবল নিষেধেরই মূর্তি।’ — ‘ভারতবর্ষ যেন কেবল নিষেধেরই মূর্তি’ — কোন্ পরিস্থিতিতে কার একথা মনে হয়েছিল ? সেই ‘নিষেধের মূর্তি’ লঙ্ঘনে উদ্দিষ্ট ব্যক্তির প্রথম পদক্ষেপটি কী ছিল ? ৭ + ১ + ৪

চ) ‘ছিন্নপত্রাবলী’র ৫৫ সংখ্যক পত্রে রবীন্দ্রনাথ লিখেছিলেন, ‘সৌন্দর্য ইন্দ্রিয়ের চূড়ান্ত শক্তিরও অতীত’, ‘শ্যামলী’র ‘বাঁশিওয়ালা’য় তিনি লিখলেন, ‘ওগো বাঁশিওয়ালা, — সে থাক্ তোমার বাঁশির সুরের দূরত্বে !’ — চুয়াল্লিশ বছরের ব্যবধানে দুই ভিন্ন টেক্সটের এই ভাবসংগতি বিশ্লেষণ করুন।

- ৩। যে কোনো চারটি প্রশ্নের উত্তর দিন (অনধিক ১৫০ শব্দে) : ৭ × ৪ = ২৮
- ক) ‘আমাদের ঠিক তাহার উলটা।’ — কে কোন্ প্রসঙ্গে কেন একথা বলেছেন ? ১ + ২ + ৪
- খ) ‘ঐ গাছটি থাক্, আমার একটিমাত্র গোপন কথার মতো।’ — ‘একটিমাত্র’ কোন্ ‘কথা’ এখানে নির্দেশিত ? ‘কথা’টির গোপনীয়তার ব্যঞ্জনা পরিস্ফুট করুন। ২ + ৫
- গ) ‘অন্তর্যামী জানেন কে এগোচ্ছে, কে পিছোচ্ছে, বাইরে থেকে বিচার করে আমরা বৃথা উদ্ভিগ্ন হই।’ — বক্তা কে ? তিনি কাকে কেন একথা বলেছিলেন ? ১ + ১ + ৫
- ঘ) ‘পরকে আপন করিতে প্রতিভার প্রয়োজন।’ — প্রসঙ্গসহ তাৎপর্য বিশ্লেষণ করুন। ৩ + ৪
- ঙ) ‘পতিরতা স্ত্রী চাও যদি, আগে ব্রতের মিল করাও।’ — কার উক্তি ? এই উক্তির আলোকে রবীন্দ্রচিন্তে দাম্পত্যভাবনার আধুনিকতা পরিস্ফুট করুন। ১ + ৬
- চ) ‘মেয়েরা আমার কাছে নাস্তিকের দেবতা’ — ‘মেয়েরা’ কার কাছে কেন ‘নাস্তিকের দেবতা’ ? ১ + ৬
- ছ) ‘গল্প যে শুনছে তার বয়স ন’বছর, আর যে শোনাচ্ছে সে সত্তর পেরিয়ে গেছে।’ — গল্পশ্রোতা ও গল্পবক্তার পরিচয় দিন। কোন্ গল্পের কথা বলা হয়েছে ? গল্পগ্রন্থটি কাকে উৎসর্গীকৃত ? ‘সে’ বলতে কাকে বোঝানো হয়েছে ? ১ + ১ + ১ + ১ + ৩
- জ) ‘সুড় সুড় করে রেবতী পিসিমার পিছন পিছন চলে গেল, একবার ফিরেও তাকাল না।’ — ‘ল্যাবরেটরি’ গল্পের এই অন্তিম পঙ্ক্তি কীভাবে রেবতীর প্রকৃত চরিত্র উদ্ঘাটনের চাবিকাঠি হয়ে উঠেছে, ব্যাখ্যা করুন।